

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 28-01-2026

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর অভিভাষণের মধ্য দিয়ে বাজেট অধিবেশন আজ শুরু হচ্ছে।
- ২) রাজ্যের সংশোধনাগারগুলির পরিকাঠামো উন্নয়নে আদালতের নির্দেশ কার্যকর করার ব্যাপারে রাজ্যের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট।
- ৩) এস আই আর এর কাজের সঙ্গে যুক্ত তিন ইলেক্টোরাল রোল অবজার্বারের বদলির নির্দেশ অবিলম্বে বাতিল করতে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন।
- ৪) দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে, বিধ্বংসী অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে এগারো। নিখোঁজ একাধিক।
- ৫) বিকশিত ভারত গড়ে তোলার জন্য পশ্চিমবঙ্গের বিকাশ প্রয়োজন বলে রাজ্য সফররত বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মত প্রকাশ করেছেন।
- ৬) বাংলা, জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ-এ লিগ ম্যাচে আজ তামিলনাড়ুর বিরুদ্ধে খেলবে।

লোকসভা ও রাজ্যসভার যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর অভিভাষণের মধ্য দিয়ে সংসদের বাজেট অধিবেশন আজ শুরু হচ্ছে। আগামীকাল অর্থনৈতিক সমীক্ষা পেশ করা হবে। পয়লা ফেব্রুয়ারি পেশ হবে বাজেট। বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে আগামী মাসের ১৩ তারিখ পর্যন্ত। দ্বিতীয় পর্ব ৯ ই মার্চ থেকে শুরু হয়ে দোসরা এপ্রিল পর্যন্ত চলবে। মোট ৩০ বার সভা বসবে।

বাজেট অধিবেশনের প্রাক্কালে গতকাল নতুন দিল্লীতে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর সভাপতিত্বে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকারের তরফে সব রাজনৈতিক দলের সহযোগিতা চাওয়া হয়েছে।

এদিকে বাজেট অধিবেশনে এসআইআর নিয়ে আলোচনার জন্য তৃণমূল কংগ্রেস দাবি জানালেও তা কারিজ করা হয়েছে। পাশাপাশি বিকশিত ভারত জি রাম জি আইন নিয়ে বিরোধীদের আলোচনার দাবিও নাকোচ করা হয়েছে বলে সর্বদলীয় বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানিয়েছেন।

রাজ্যের সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন ৩১ জানুয়ারির পরিবর্তে তেসরা ফেব্রুয়ারি থেকে শুরু হতে পারে বলে বিধানসভা সূত্রে জানা গেছে। অধিবেশন চলবে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এই অধিবেশনে ৫ই ফেব্রুয়ারি বিধানসভা ভোটের আগে তিন মাসের জন্য রাজ্যের অন্তর্বর্তীকালীন বাজেট বা ব্যয়মঞ্জুরী প্রস্তাব পেশ করা হবে।

রাজ্যের সংশোধনাগারগুলির পরিকাঠামো উন্নয়নে আদালতের নির্দেশ কার্যকর করার ব্যাপারে রাজ্যের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট।

বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ শাব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ, গতকাল এ সংক্রান্ত মামলার শুনানিতে জানিয়েছেন, সংশোধনাগারে বন্দীর সংখ্যার তুলনায় পরিকাঠামোর উন্নতি না হলে স্বতঃপ্রণোদিত মামলা করে সকলকে জামিন দেবে আদালত। বেঞ্চের পর্যবেক্ষণ সংশোধনাগারগুলির বাস্তব পরিস্থিতি এবার খতিয়ে দেখা হবে। যদি দেখা যায়, এক হাজার বন্দীর জন্য নির্ধারিত জায়গায় তিনহাজার বন্দী রয়েছে, তাহলে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে। কারণ তা নাগরিক অধিকার লঙ্ঘনের সামিল। আদালতের আগের নির্দেশ অনুযায়ী এ ব্যাপারে কি পদক্ষেপ নেওয়া হচ্ছে, তা আজই রাজ্যকে জানাতে নির্দেশ দিয়েছেন বেঞ্চ।

উল্লেখ্য জেলের পরিকাঠামো উন্নয়ন নিয়ে ২০১৭ সাল থেকে আদালতের একাধিক নির্দেশ থাকা সত্ত্বেও তা কার্যকর হয়নি। মামলার শুনানিতে গতকাল রাজ্যের এডভোকেট জেনারেল হাজির না থাকাতেও ফ্লোভ প্রকাশ করেন দুই বিচারপতি।

এস আই আর এর কাজের সঙ্গে যুক্ত তিন ইলেক্টোরাল রোল অবজার্বারের বদলির নির্দেশ অবিলম্বে বাতিল করতে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন। মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে লেখা ওই চিঠিতে আজ বিকেলের মধ্যে রাজ্যকে এব্যাপারে রিপোর্ট দিতে বলা হয়েছে। উত্তর ও দক্ষিণ দিনাজপুরের অবজার্বার অশ্বিনী কুমার যাদব, উত্তর ২৪ পরগনা ও কলকাতা উত্তরের পর্যবেক্ষক রনধীর কুমার এবং পশ্চিম ও পূর্ব বর্ধমান এবং বীরভূমের অবজার্বার স্মিতা পাণ্ডের বদলির নির্দেশ কমিশনের আগাম অনুমোদন ছাড়া জারি করেছে রাজ্য সরকার। যা সম্পূর্ণরূপে, এস আই আর ঘোষণার সময় কমিশন নির্দেশিত নিয়মের লঙ্ঘন বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে। আরও বলা হয়েছে, এই তিন আধিকারিক নির্বাচন কমিশনের অধীনে ‘ডিমড ডেপুটেশন’-এ থেকে

বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার দায়িত্বে রয়েছেন। সেই অবস্থায় কমিশনের সম্মতি ছাড়া বদলি করা, সরাসরি নির্দেশভঙ্গ। ভবিষ্যতে এই ধরনের কোনও নির্দেশ জারির আগে কমিশনের অনুমতি নেওয়ার অনুরোধও জানানো হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে, বিধ্বংসী অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- এগারো। ভস্মীভূত গোড়াউন থেকে আরও তিনটি দেহ উদ্ধার হয়েছে। ১৪ জনের পরিবারের তরফে নিখোঁজ ডায়রি করা হয়েছে বলে পুলিশের দাবি। যদিও স্থানীয়দের বক্তব্য নিখোঁজের সংখ্যা আরও বেশি। মৃতদের DNA পরীক্ষার জন্য আজ আদালতের অনুমতি চাওয়া হবে বলে জানিয়েছেন, বারুইপুর পুলিশ জেলার সুপার শুভেন্দ্র কুমার।

বাইট

এই ঘটনায় ডেকরেটার্স সংস্থার গুদামের মালিক গঙ্গাধর দাসকে আটক করেছে নরেন্দ্রপুর থানার পুলিশ। পূর্ব মেদিনীপুরে বাড়ি থেকেই তাকে ধরা হয়।

আগুন লাগার কারণ খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে পুলিশ ও দমকল বিভাগ। গতকালই ফরেনসিক টিম ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

এদিকে রাজ্য সরকার, অগ্নিকাণ্ডে মৃতদের পরিবার পিছু ১০ লক্ষ টাকা করে আর্থিক সহায়তার কথা ঘোষণা করেছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার গতকাল ঘটনাস্থল পরিদর্শনের পর সাংবাদিকদের বলেন, এত মানুষের মৃত্যুর পরেও সরকারের তরফে কোনো সদর্থক ভূমিকা দেখা যাচ্ছে না।

বাইট

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা উন্নত ভারত গঠনে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিকল্প শক্তির ব্যবহার। ভারত সরকারের শক্তি বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সদস্য ও অচিরাচরিত শক্তি বিশেষজ্ঞ ডঃ শান্তিপদ গণ চৌধুরীর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

বিকশিত ভারত গড়ে তোলার জন্য পশ্চিমবঙ্গকেও বিকশিত করে তোলা প্রয়োজন বলে রাজ্য সফররত বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মত প্রকাশ করেছেন। পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের চিত্রালয় ময়দানে গতকাল কমল মেলার সূচনার পর স্বামী বিবেকানন্দের বাণী উদ্ধৃত করে তিনি বিকশিত বাংলা গঠনে যুব সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানান।

বাইট নীতিন

তিনি বলেন, বাংলার সংস্কৃতি যুগে যুগে দেশকে পথ দেখিয়েছে। বাংলার শিক্ষা ব্যবস্থা আলোকবর্তিকা হয়ে গোটা বিশ্বকে দিশা দেখিয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার প্রমুখ।

দুর্গাপুরে বেসরকারি হোটেলে দলের কোর কমিটির সঙ্গে গতকাল বৈঠক করেন তিনি। বৈঠকে বুথ স্তরে সমন্বয় বৃদ্ধি, জেলা স্তরের সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

শ্রী নবীন আজ দুর্গাপুর ভিরিঙ্গি কালীমন্দিরে পূজা দেবেন এবং চিত্রালয় মেলা ময়দানে কার্যকর্তা সম্মেলনে অংশ নেবেন। রানীগঞ্জে অপর একটি সাংগঠনিক বৈঠকেও যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে তাঁর।

Pro-Governance and Timely Implementation- PRAGATI (প্রগতি) পরিমণ্ডলের আওতায় ভারতে পুনর্নির্বাচন শক্তি, বিশেষ করে সৌর ও বায়ু শক্তি বিস্তারের জন্য, পরিবেশ বান্ধব শক্তি করিডর কর্মসূচী গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তত্ত্বাবধানে এই প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ চলছে। এর লক্ষ্য- দেশের দূষণ মুক্ত শক্তি ক্ষেত্রের উত্তরণ। এই কর্মসূচির তৃতীয় বিভাগে উচ্চ শক্তি সম্পন্ন আন্তঃরাজ্য সংবহন ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ৭৬৫ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন দ্বিমুখী সংবহন লাইন প্রায় ২৮৯ কিলোমিটার জুড়ে গড়ে তোলা হয়েছে। তৈরী হয়েছে একাধিক সাব স্টেশন। এই কর্মসূচিটিকে ২০১৮ সালের সেপ্টেম্বরে প্রগতি প্রকল্পের আওতায় আনা হয়।

ছোট থেকেই বাড়িতে সঙ্গীতচর্চার পরিমন্ডলে তাঁর বেড়ে ওঠা। চার বছর বয়স থেকেই সুর সাধনায় ব্রতী তিনি। পাঁচ বছর বয়সে দক্ষিণ হাওড়ায় একটি সঙ্গীত সম্মেলনে সকলের নজর কেড়েছিলেন সন্তুর বাদক পন্ডিত তরুণ ভট্টাচার্য। তারপর

থেকে সঙ্গীতের এই যাত্রাপথে পেয়েছেন দেশ-বিদেশের বহু সম্মান ও খ্যাতি। কিন্তু পদ্মশ্রী সম্মানই তাঁর কাছে শ্রেষ্ঠ বলে জানিয়েছেন শিল্পী।

আকাশবাণীর সঙ্গে নিজের অনুভূতি ভাগ করে নিয়েছেন তিনি।

বাইট-তরুণ ভট্টাচার্য

দক্ষিণবঙ্গে আগামী সাতদিন শুষ্ক আবহাওয়া থাকলেও পশ্চিমী ঝঞ্ঝার কারণে আগামীকাল থেকে দার্জিলিং জেলায় হালকা বৃষ্টি ও তুষারপাত এবং কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি বেশি। সকালের দিকে কিছু জেলায় বিক্ষিপ্তভাবে হালকা কুয়াশা সম্ভাবনা রয়েছে।

গতবারের বিজয়ী বাংলা জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ-এ লিগ ম্যাচে আজ তামিলনাড়ুর বিরুদ্ধে খেলবে। সীলাপাথার স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দুটোয়। বাংলা টানা তিন ম্যাচ জিতে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থেকে কোয়ার্টার ফাইনালে ওঠা নিশ্চিত করেছে।

অন্যদিকে তামিলনাড়ু সমসংখ্যক ম্যাচে ছয় পয়েন্ট সংগ্রহ করে দ্বিতীয় স্থানে রয়েছে।
